

 **KR Steel Structure Ltd.**  
Boro Kumira, Sitakunda, Chittagong.  
+88 01708-432500. +88 01708-432501  
[www.krsteelstructure.com](http://www.krsteelstructure.com)

(<http://krsteelstructure.com/>)

## এতিম শিশুদের নিয়ে ভাসা ফাউন্ডেশনের ইফতার

● চট্টগ্রাম প্রতিনিধি ○ ০৮:২৯ পিএম, ২০২৩-০৪-০৮ ● 50



এতিম শিশুদের নিয়ে ইফতার আয়োজন করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা ভোলান্টারি এক্টিভিটিস ফর সোস্যাল অ্যান্ড হিউম্যান এডভান্সমেন্ট (ভাসা ফাউন্ডেশন)। শনিবার (৮ এপ্রিল) সংস্থাটির উদ্যোগে নগরীর কর্ণেলহাট এলাকায় কারিমিয়া শামসুল উলুম এতিমখানায় এ কর্মসূচী অনুষ্ঠিত হয়। এতে ওই এতিমখানার ছাত্র, শিক্ষক এবং ভাসা ফাউন্ডেশনের কর্মকর্তারা অংশ

নেন।

এতিমখানা ও মাদ্রাসার শিক্ষা পরিচালক মৌলানা ইসমাইল এর সভাপতিত্বে ইফতার মাহফিলে বিশেষ অতিথি ছিলেন এতিমখানা পরিচালনা কমিটির সদস্য মৌলানা মো. অলিউল্লাহ। পরে তিনি সকলকে নিয়ে দোয়া ও মুনাজাত পরিচালনা করেন। উপস্থিত সকলে ভাসা ফাউন্ডেশনের সমৃদ্ধি ও অগ্রগতি জন্য কামনা করেন।

এর আগে আলোচনা সভায় বক্তব্য রাখেন ভাসা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক পরিমল কান্তি পাল। তিনি বলেন, এদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। ইসলাম শান্তির ধর্ম। যা সকল মানুষের শান্তি কামনা করে। ভাসা ফাউন্ডেশন এই এতিমখানার শিশুদের জন্য ইফতারের আয়োজন করতে পেরে কৃতার্থ মনে করছে। এসময় তিনি প্রতিষ্ঠানটি যাতে চিরকাল মানুষের পাশে থেকে ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলের জন্য কাজ করতে পারে এই দোয়া প্রত্যাশা করেন। এতে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ভাসা ফাউন্ডেশনের সাধারণ পরিষদ সদস্য রাজু চৌধুরী, ইমরান হোসেন, ম্যানেজার বিজয় পাল, রেজাউল করিম, সুপারভাইজার মো. মানিক ও দৌলত হোসেন, এতিমখানা পক্ষের মো. জসীম উদ্দিন, তৌহিদুল ইসলাম ও মো. ইমরান।